

তাল--একতাল

- কিছুতে হ'ল না আমার চরিত্র গঠন ।
আমি এতই ভুগী', কিসের লাগি, কিছুতে না হয় স্মরণ ॥
- ১। অশান্ত যৌবন কালে, মলে'ম কত তিলে তেলে,
খুয়া'য়ে পিতৃধন ।
এখন ঘরে-বাইরে নির্ধন হ'লেম গো,
বাকী শুধু রয়েছে মরণ ॥
- ২। (হায় হায়) পাওয়ার যখন সময় ছিল,
মরণ খেলায় দিন ফুরা'ল রইলেম অচেতন ।
লয়ে নিদ্রা, নারী--ব্যভিচারী গো,
আমি কু-রসে হলেম মগন ॥
- ৩। সময় যে আর এখনে নাই, তবু তা'তে দিশা না পাই
এমনি অঘটন ।
আজ মন চলে পথে বিপথে গো,
সুপথে চলে না মোর মন ॥
- ৪। কানে শুনি চোখে দেখি, পবিত্র চরিত্রে সুখী,
হচ্ছে কত জন ।
তারা চরিত্র পবিত্র রেখে গো,
বক্ষে পায় শ্রীহরির চরণ ॥
- ৫। গোপালচাঁদ তাই বলছে ডেকে,
(শুধু) কথা শুনলি লাখে লাখে,
মহানন্দ অভাজন ।
যদি কথায় কাজে ঠিক থাকিত রে,
হ'ত না কুপথে মরণ ॥
—মহানন্দ হালদার

